ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 083 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৮৩ ● কলকাতা ● ১২ চৈত্র, ১৪৩২ ● শুক্রবার ● ২৭ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বাঘাযতীনের ঘটনায় আক্রমণ শানালেন বিকাশ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাঘাযতীনে শ্যুটআউটের ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের নাম দীপ রায়, বিধান বন্দ্যোপাধ্যায়, রাজা বণিক ও জয়ন্ত ঘোষ। ঘটনাস্থল থেকে বেশ কয়েকটি বাইকও বাজেয়াপ্ত করা হয়েছে। খবর পেয়ে এদিন ঘটনাস্থলে যান সিপিএম প্রার্থী বিকাশরঞ্জন ভট্টাচার্য। তিনি বলেন, "তৃণমূল দল মানেই কাটমানি এবং গুন্ডাবাজির দল।পুলিশ সূত্রে খবর, একাধিক অপরাধমূলক কাজের সঙ্গে আহত জিৎ মুখোপাধ্যায় জড়িত থাকার অভিযোগ রয়েছে। জিৎ মুখোপাধ্যায়ের বিরুদ্ধে একাধিক অভিযোগও জমা পড়েছিল থানায়, তাতে কোনও কাজ হয়নি বলে অভিযোগ। কিছুদিন আগেই এলাকায় আগ্নেয়াস্ত্র

এরপর ৬ পাতায়

পর্ব 242

## হিমালয়ের সমর্পণ যোগ




সে কেবল মাধ্যম হয়ে যায়। তার নিজের 'আমির অহংকার' শেষ হয়ে যায়। তখন গায়কের মুখ থেকে গান নয়, চৈতন্যের বর্ষা হতে থাকে। কেবল এরকম গায়কই নিজের জীবনে প্রতিষ্ঠিত হতে পারে। যে রকম বাদন, শাস্ত্রীয় গায়নে হয়, ঠিক সেই রকম ধ্যানে হয়। ধ্যানের জ্ঞান হয় আত্মা থেকে আত্মা পর্যন্ত পৌঁছানো জ্ঞান।

**ক্রমশঃ**



# ভারতে জ্বালানি সঙ্কট কতটা, হরমুজ প্রণালী থেকে কত জাহাজ আসছে





**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতি। প্রভাব পড়তে শুরু করেছে ভারতে। এলপিজি সঙ্কট নিয়ে উদ্বিগ্ন সাধারণ মানুষ। মূল্যবৃদ্ধিও হয়েছে ইতিমধ্যেই। এবার সেই পরিস্থিতি নিয়ে সব রাজনৈতিক দলের সঙ্গে কথা বলল কেন্দ্র। কী পরিস্থিতি, কতটা সঙ্কট, ভারতের অবস্থান কী, সব তথ্যই এদিন তুলে ধরা হয়েছে কেন্দ্রের তরফে।এখন পর্যন্ত ৪,২৫,০০০ মানুষকে নিরাপদে ফিরিয়ে আনা হয়েছে বলেও জানিয়েছে কেন্দ্র। বৈঠকে কেন্দ্রের স্পষ্ট বার্তা, আতঙ্কিত হওয়ার কোনও প্রয়োজন নেই। বিরোধীরা যে কোনও সময় তথ্য জানতে পারবে। খামেনেই-এর মৃত্যুর পর শোকবার্তা পাঠাতে দেরি হল কেন? এই প্রশ্ন উঠতেই কেন্দ্র জানিয়েছে, চারদিনের মধ্যে সংসদে বিস্তারিত বিবৃতি দেওয়া হবে।বুধবার বৈঠকের শুরুতেই বিদেশ সচিব বিক্রম মিশ্রি একটি প্রেজেন্টেশন দিয়েছেন। সেখানে বলা হয়েছে, যুদ্ধ চায়না ভারত। আন্তর্জাতিক ক্ষেত্রে এটাই ভারতের অবস্থান। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে এ কথা জানিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

সেই সঙ্গে কেন্দ্রীয় সরকারের দাবি, আপাতত জ্বালানি সঙ্কট নেই। এই মুহূর্তে জ্বালানি তেল বা রান্নার গ্যাস যথেষ্ট মজুত আছে। আরও জানানো হয়েছে যে সাম্প্রতিক সময় এলপিজি উৎপাদন ৬০ শতাংশ বৃদ্ধি করেছে ভারত সরকার। তবে বিকল্প হিসেবে পিএনজির উপর জোর দিচ্ছে সরকার।

হরমুজ প্রণালী থেকে আরও পাঁচটি জাহাজ খুব শীঘ্রই আসবে। ইতিমধ্যেই চারটি জাহাজ বেরিয়ে এসেছে বলেও জানানো হয়েছে। পশ্চিম এশিয়া এবং মধ্যপ্রাচ্যের দেশগুলি ছাড়াও অন্যান্য দেশ থেকে খনিজ তেল ও গ্যাস আমদানি করছে ভারত। পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির ভারতের উপর প্রভাব ও সরকারের পদক্ষেপ সম্পর্কে কেন্দ্র সর্বদলীয় নেতাদের অবহিত করা হয়েছে এদিন।

বৈঠকে ইরান যুদ্ধ পরিস্থিতি ও জ্বালানি নিরাপত্তা নিয়ে আলোচনা হয়েছে। বৈঠক শুরু হয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের বক্তব্য দিয়ে। হরমুজ প্রণালীর পরিস্থিতি ও তার প্রভাব নিয়ে বিদেশ সচিব ও বিদেশমন্ত্রী প্রেজেন্টেশন দেন। জানানো হয়, পরিস্থিতি যা হোক অগ্রাধিকার পাবে ভারতের স্বার্থ।

# রক্তাক্ত বাসন্তী! পুলিশ অফিসারকেই রাস্তায় ফেলে 'বাঁশপেটা'

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



প্রশাসন কোনোভাবেই সক্রিয় নেই তাই 2026 এর নির্বাচন নির্বিঘ্নে হওয়াটাই বড় কঠিন ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। যত দিন যাচ্ছে তত রাজ্যের আক্রান্ত সংখ্যা বাড়ছে একটার পর একটা খুন হচ্ছে। রেহাই পাচ্ছে না পুলিশও।মাথা ফেটে রক্তাক্ত হন বাসন্তী থানার এসআই। রাস্তায় পড়ে যান। ওই অবস্থাতেই লুঙ্গি-হাওয়াই চটি পরিহিত কয়েকজন তাঁকে ঘিরে ধরে বাঁশ দিয়ে পেটাতে থাকেন। প্রাণভয়ে কোনওক্রমে পালিয়ে বাঁচতে হয় পুলিশ অফিসারকে।প্রতিবারই নির্বাচনের সময়ে এখানে হিংসার অভিযোগ ওঠে। কিন্তু এভাবে পুলিশকে রাস্তায় ফেলে পেটানোর অভিযোগে স্বাভাবিকভাবেই প্রশ্নের মুখে নিরাপত্তা। তৃণমূলের রাজ্য সহ সভাপতি জয়প্রকাশ মজুমদার বলেন, "কিছু নিয়ম আছে, সেগুলো মানতে হবে। বিজেপি জমিদারের দল নয়। পুলিশ সম্পূর্ণভাবে নির্বাচন কমিশনের আওতায়। যদি পুলিশের কিছু হয়, কমিশনকেই দায়িত্ব নিতে হবে।" বিজেপি নেতা সজল ঘোষের বক্তব্য, "যারা করেছে, আর ক'মাস

এরপর ৩ পাতায়

# ভোটের আগে বাঘাযতীনে শ্যুটআউট, মৃত্যু তৃণমূলকর্মীর



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা :** ভোটের আগে বাঘাযতীনের পূর্ব ফুলবাগান এলাকায় শ্যুটআউট। গুলিতে এক তৃণমূলকর্মীর মৃত্যু। জানা গিয়েছে, গুলিতে মৃত্যু তৃণমূলকর্মী রাহুল দে-র। বাঘাযতীনের এক বহুতলের ছাদে অন্তত ৩ রাউন্ড গুলি চলার খবর পাওয়া গিয়েছে। ওই বহুতলে জিৎ মুখোপাধ্যায় নামে এক পরিচিতর ফ্ল্যাটে গিয়েছিলেন রাহুল।জিৎ এবং রাহুলের মধ্যে অনেকদিন সেভাবে যোগাযোগ ছিল না বলেই জানা গিয়েছে। তাহলে গতকাল কেন রাহুলকে ফোন করে ডেকেছিলেন জিৎ? কে বা কারা এবং কেন এই ২ যুবককে টার্গেট করল? উত্তর খুঁজতে জোরকদমের তদন্ত শুরু করেছে পুলিশ। আগামী মাসেই পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন। ২৩ এবং ২৯ এপ্রিল, ২ দফায় এবার ভোট হবে। তার আগে খাস কলকাতায় এভাবে গুলিতে একজনের মৃত্যুর ঘটনায় স্বভাবতই নিরাপত্তা নিয়ে উঠছে প্রশ্ন। এলাকায় যথেষ্ট চাঞ্চল্য রয়েছে। পুলিশ সূত্রে খবর, ঘটনার সময় ওই ফ্ল্যাটের ছাদে বেশ কয়েকজন খাওয়া-দাওয়া করছিলেন।

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# রক্তাক্ত বাসন্তী! পুলিশ অফিসারকেই রাস্তায় ফেলে 'বাঁশপেটা'

বাদে তাদের ওপর যে কী জনরোষ আছড়ে পড়বে, সেটা দেখার অপেক্ষায়।" আক্রান্ত পুলিশ অফিসারের নাম সৌরভ গুহ, তিনি বাসন্তী থানার সাব ইন্সপেক্টর। জানা যাচ্ছে, এসআই-ছাড়াও আরও বেশ কয়েকজন পুলিশ কর্মী আহত হয়েছেন। বাসন্তীতে প্রচারে বেরিয়েছিলেন বিজেপি প্রার্থী বিকাশ সর্দার। অভিযোগ, সেই প্রচারেই হামলা চলে।

বাজারে প্রচার চলাকালীন তৃণমূলের দুষ্কৃতীরা বাঁশ লাঠি নিয়ে হামলা চালায় বলে অভিযোগ। একের পর এক বাইক ভাঙচুর করা হয়। পরিস্থিতি উত্তপ্ত হয়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ।

সেখানে পরিস্থিতি সামাল দিতে গিয়ে আক্রান্ত হন খোদ পুলিশ অফিসারই। আক্রান্ত পুলিশ অফিসার সাধারণ পোশাকে ছিলেন। তাঁকে রীতিমতো তাড়া করতে থাকে উন্মত্ত দুষ্কৃতীরা। বাঁশ উঁচিয়ে তাড়া দিতে থাকে।

রাস্তায় হোঁচট খেয়ে পড়ে যান সৌরভ। তখনই তাঁর গায়ে-মাথায় বাঁশ দিয়ে এলোপাথাড়ি মারতে থাকে দুষ্কৃতীরা। কপাল ফেটে রক্ত বেরোতে থাকে এসআই-এর। এরপরই সেখানে পুলিশের বিশাল বাহিনী পৌঁছে যায়।

ক্যানিং, বাসন্তী, গোসাবা কোস্টাল থানার পুলিশ অফিসাররা মোতায়েন রয়েছেন। রয়েছেন অ্যাডিশনাল এসপি। মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনীও। এলাকা থমথমে।

এলাকায় টহলদারি শুরু হয়েছে। এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। আহত পুলিশ অফিসারকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বরবারই বাসন্তী স্পর্শকাতর এলাকা।

(২ পাতার পর)

# ভোটের আগে বাঘাযতীনে শ্যুটআউট, মৃত্যু তৃণমূলকর্মীর

কে বা কারা গুলি চালিয়েছে, এলাকায় তৃণমূলকর্মী হিসেবে পরিচিত রাহুলের খুনের ঘটনায় রাজনৈতিক শত্রুতা রয়েছে নাকি কোনও ব্যক্তিগত আক্রোশের থেকে এই কাণ্ড ঘটানো হয়েছে তা জানার চেষ্টা চালাচ্ছে পুলিশ। জিৎ এবং রাহুল, ২ জনের পরিবারের সদস্যদের সঙ্গেও কথাবার্তা বলছেন তদন্তকারী আধিকারিকরা।জিৎ মুখোপাধ্যায় গতকাল ফোন করে নিজের ফ্ল্যাটে রাহুলকে ডেকেছিলেন, দাবি মৃতের পরিবারের। আহত হয়েছেন জিৎ মুখোপাধ্যায়ও। ঘটনাস্থলে পাটুলি থানার পুলিশ।

ভোটের আগে বাঘাযতীনের আবাসনের ছাদে তৃণমূলকর্মীকে গুলি করে খুন। বুধবার রাত সাড়ে ১২টা নাগাদ ঘটনাটি ঘটেছে। স্থানীয়দের দাবি, বাঘাযতীনের পূর্ব ফুলবাগান এলাকার একটি চারতলা ফ্ল্যাটের ছাদ থেকে গতকাল রাতে গুলি চলার শব্দ পান তাঁরা। দ্রুত খবর দেওয়া হয় পাটুলি থানায়। পুলিশ এসে ওই ফ্ল্যাটের ছাদ থেকে রক্তাক্ত অবস্থায় ২ যুবককে পড়ে থাকতে দেখা যায়। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। ঘটনাস্থলেই মৃত্যু হয় রাহুল দে নামের তৃণমূলকর্মীর। কয়েক বছর আগে জিৎ এবং রাহুলের মধ্যে সম্পর্ক থাকলেও বর্তমানে তেমন যোগাযোগ ছিল না। তদন্ত করতে ঘটনাস্থলে আসেন লালবাজারের হোমিসাইড শাখার আধিকারিকরাও। জিৎ এবং রাহুলের মধ্যে কেন যোগাযোগ ছিন্ন হয়েছিল তাও জানার চেষ্টা করছেন তদন্তকারীরা। ২ যুবকের পরিচিতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ঘটনার সময় সেখানে উপস্থিত ব্যক্তিদের সঙ্গেও কথাবার্তা বলছে পুলিশ।

আহত জিৎ মুখোপাধ্যায়ের স্ত্রী পুলিশকে জানিয়েছেন, গতকাল রাতে আচমকাই কয়েকজন অজ্ঞাতপরিচয় ব্যক্তি ওই ফ্ল্যাটে আসে এবং শ্যুটআউটের মতো ঘটনা ঘটায়। তবে এটাই ভাবনায় ফেলেছে পুলিশকে। কারা এসেছিল ফ্ল্যাটে, কী তাদের পরিচয়, কেনই বা তারা গুলি চালাল - সব নিয়েই তৈরি হয়েছে রহস্য। রাহুল এবং জিতের সঙ্গে কারও শত্রুতা ছিল কিনা, এই ২ জনের মধ্যে আদৌ সব সম্পর্ক ঠিক ছিল কিনা - খুন হওয়ার কারণ খুঁজতে গিয়ে সমস্ত সম্ভাবনাই খতিয়ে দেখছে পুলিশ। জিজ্ঞাসাবাদ করা হচ্ছে স্থানীয়দেরও। ঘটনাস্থলে এসেছে ফরেন্সিক বিশেষজ্ঞদের দলও। মৃতের পরিবারের তরফে জানানো হয়েছে যে, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে জিৎ এবং রাহুলকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেছিলেন তাঁরা। গতকাল রাহুলের সঙ্গে জিতের ফ্ল্যাটে যাওয়া একজনই রাহুলের পরিবারকে খবর দিয়েছিলেন বলে খবর পুলিশ সূত্রে।

# অবশেষে কলকাতায় অবতরণ করল মমতার বিমান



**নতুন দিল্লি, ৪ ডিসেম্বর ২০২৫**

জেলা সফর সেরে ফেরার পথে বিপত্তি। কলকাতায় নামতেই পারল না মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিমান। বৃহস্পতিবার দুপুরে পান্ডবেশ্বর, বীরভূমে সভা ছিল মমতার। এরপর অন্ডাল থেকে ওড়ে মুখ্যমন্ত্রীর বিশেষ বিমান। সেই বিমান নামতে গিয়েই বিপত্তি তৈরি হয়। ৪টে ১০-এ বিমান অবতরণ করার কথা ছিল দমদমে।তার জেরেই হঠাৎ শুরু হয়ে যায় প্রবল ঝড়-বৃষ্টি। এমনকী বিমানবন্দরের সামনে মুখ্যমন্ত্রীর জন্য যে সামিয়ানা করা হয়েছিল, সেটিও ঝড়ে উল্টে যায়। কখনও রানাঘাট, কখনও কৈখালি, কখনও সোনারপুর, কখনও ডায়মন্ড হারবারের উপর চক্কর কাটতে থাকে বিমান। আবহাওয়া দফতরের পূর্বাভাস ছিল আগেই। শুধু দমদম নয়, উত্তর ২৪ পরগনার বিস্তীর্ণ এলাকায় দুর্যোগের সম্ভাবনার কথা আগেই জানানো হয়েছিল। আবহাওয়াবিদরা জানাচ্ছেন, ১০ থেকে ১২ কিলোমিটার উলম্ব বজ্রগর্ভ মেঘ তৈরি হয়েছে, তার জেরেই এই ঝড়-বৃষ্টি। দমদম এয়ারপোর্টের র‍্যাডার চিত্রে দেখা যায়, প্রথমে দমদমে নামতে না পেরে বিমানটি সোজা চলে যায় নদিয়ার দিকে। এরপর দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনার দিকে নিয়ে যাওয়া হয় বিমান। কিন্তু এক ঘণ্টা পেরিয়ে যাওয়ার পরও পরিস্থিতি স্বাভাবিক না হওয়ায় বিমান অবতরণ করানো যায়নি। পরে ৫টা ১৮ মিনিটে বিমানটি নামে কলকাতায়।কিন্তু নির্দিষ্ট সময়ের পর এক ঘণ্টা পেরিয়ে গেলেও বিমান নামতে পারেনি। মাঝ আকাশেই চক্কর কাটতে থাকে। প্রায় ১ ঘণ্টা ২০ মিনিট পর নামে চার্টার্ড বিমানটি। দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণেই বিমান অবতরণ করতে পারেনি। এদিন বিকেলে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হয় দমদমে।

## সম্পাদকীয়

### ইরান যুদ্ধ আবহে শুক্রে সব রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী মোদি!

শুক্রবার সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্রের খবর, পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে আলোচনা হবে ভিডিও কনফারেন্সের মাধ্যমে। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে খবর, ভিডিও কনফারেন্সের মাধ্যমে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের সঙ্গে কথা বলবেন।সংবাদ সংস্থা এএনআই সূত্রে জানা যাচ্ছে, যে রাজ্যগুলিতে ভোট রয়েছে, সেই রাজ্যগুলি বৈঠকে অংশ নেবে না। মডেল কোড অব কনডাক্ট বা আদর্শ আচরণবিধি চালু থাকায় এই রাজ্যগুলি বৈঠকে অংশ নেবে না। ক্যাবিনেট সেক্রেটারিয়েটের মাধ্যমে আলাদাভাবে মুখ্যসচিবদের সঙ্গে বৈঠক করবেন তাদের সমস্ত পরিকল্পনা ও প্রস্তুতি নিয়ে আপডেট দিতে।সূত্রের খবর, পশ্চিম এশিয়ার সংঘর্ষের প্রেক্ষাপটে রাজ্যগুলোর প্রস্তুতি ও পরিকল্পনার পর্যালোচনা করা হবে। যে সব রাজ্যে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে, সেই রাজ্যগুলোর মুখ্যমন্ত্রীরা এই বৈঠকে অংশ নেবেন না। নির্বাচন চলছে এমন রাজ্যগুলির মুখ্য সচিবদের জন্য পরে একটি পৃথক বৈঠকের আয়োজন করা হবে।

মূলত, সূত্রের খবর ইরান যুদ্ধ পরিস্থিতি, এলপিজি গ্যাস সঙ্কটে তৈরি বর্তমান জরুরি পরিস্থিতিতে প্রস্তুতি কতটা, সাপ্লাই চেইন, শক্তি সুরক্ষা ও বিদেশে বসবাসকারী ভারতীয় নাগরিকদের সুরক্ষা নিয়ে আলোচনা করা হবে এই ভার্চুয়াল বৈঠকে।করোনাকালে যেমন সমস্ত রাজ্য একসঙ্গে মিলিতভাবে কাজ করেছিল, 'টিম ইন্ডিয়া' চিন্তাধারাকে মাথায় রেখে এগিয়ে গিয়েছিল, সেই মতোই পশ্চিম এশিয়ার এই সংঘাত পরিস্থিতিতেও একসঙ্গে কাজ করার বার্তাই দেবেন প্রধানমন্ত্রী মোদি। পাশাপাশি সংঘাত আবহে দেশের স্থিতাবস্থা বজায় রাখতে ও আকস্মিক পরিকল্পনা নিয়েও আলোচনা হতে পারে বলে সূত্রের খবর।

সংবাদ সংস্থা এএনআই সূত্রে জানা যাচ্ছে, যে রাজ্যগুলিতে ভোট রয়েছে, সেই রাজ্যগুলি বৈঠকে অংশ নেবে না। মডেল কোড অব কনডাক্ট বা আদর্শ আচরণবিধি চালু থাকায় এই রাজ্যগুলি বৈঠকে অংশ নেবে না। ক্যাবিনেট সেক্রেটারিয়েটের মাধ্যমে আলাদাভাবে মুখ্যসচিবদের সঙ্গে বৈঠক করবেন তাদের সমস্ত পরিকল্পনা ও প্রস্তুতি নিয়ে আপডেট দিতে।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী





**মৃত্যুঞ্জয় সরদার**

**(আঠারো পর্ব)**

কোনও আক্রোশ নেই এই পরমাসুন্দরী এবং ভক্তবৎসলা দেবীর। বাঘ ও বিভিন্ন অপদেবতার উপরে কর্তৃত্ব করেন বনবিবি। তিনি হিন্দুর বনদুর্গা বা বনদেবীর মুসলমানি রূপ। তাই সুন্দরবনের গভীর জঙ্গলে কাঠ, গোলপাতা, মধু ও মোম সংগ্রহ বা মাছ ধরতে যাওয়ার আগে বনবিবির পূজা করে জলে নৌকা ভাসান।সুন্দরবনের ভেতরে আর বনসংলগ্ন লোকালয়ে প্রতিবছর পয়লা মাঘ 'বনবিবি'র পূজা হয়। জাতিধর্ম নির্বিশেষে বনবিবি পূজিতা হন। সুন্দরবনের বনদেবতা

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# রাম নবমী উপলক্ষ্যে দেশবাসীকে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা



**নয়াদিল্লি, ২৬ মার্চ, ২০২৬**

রাম নবমীর মঙ্গলময় মুহূর্তে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। ভগবান শ্রীরামচন্দ্রের চিরন্তন প্রাসঙ্গিকতাকে তুলে ধরে প্রধানমন্ত্রী এক্স হ্যান্ডলে লিখেছেন, "রাম নবমীর মঙ্গলময় মুহূর্তে দেশব্যাপী আমার পরিবার-পরিজনকে শুভেচ্ছা জানাই। ত্যাগ, তপস্যা এবং সংযমের প্রতীক মর্যাদা পুরুষোত্তমের জীবনাদর্শ আমাদেরকে সবরকম পরিস্থিতির মোকাবিলা করার মতো সামর্থ্য ও প্রেরণা যোগায়। তাঁর আদর্শ অনন্তকাল ধরে ভারতবাসীর কাছে মানবতার পথ প্রদর্শক হয়ে রয়েছে। আমার প্রার্থনা, ভগবান শ্রীরামের কৃপায় সকলের কল্যাণ হোক, যাতে বিকশিত এবং আত্মনির্ভর ভারতের সংকল্প পূরণের পথ প্রশস্ত হয়"।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

যদিচ মোহেন্‌জো-দাড়োর মূর্তিগুলিতে আধুনিক কালের সিঁদুর মাখাবার মতোই কোনও এক-রকম প্রথা ছিল। কিন্তু, ম্যাকে যেমন মন্তব্য করেছেন, সুদীর্ঘ কাল ধরে নোনা মাটির তলায় চাপা পড়ে থাকবার ফলে মূর্তিকাগুলির গায়ে মাখানো সিঁদুর রঙ এমনই অস্পষ্ট হয়ে যাওয়া স্বাভাবিক

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পুরীর মাটির নিচে প্রাচীন শহরের হদিশ!

**নয়াদিল্লি, ২২ নভেম্বর ২০২৫**

ওড়িশার পবিত্র তীর্থক্ষেত্র পুরীর মাটির নিচে কি লুকিয়ে আছে এক প্রাচীন শহর? এই প্রশ্নটি এখন কেবল জল্পনা নয়, বরং একটি বৈজ্ঞানিক সত্যের দিকে এগোচ্ছে। সাম্প্রতিক একটি অত্যন্ত আধুনিক 'গ্রাউন্ড পেনিট্রেটিং রাডার' সমীক্ষায় উঠে আসা তথ্য এখন প্রত্নতাত্ত্বিক মহলে ব্যাপক চাঞ্চল্য ও কৌতূহল সৃষ্টি করেছে।

তবে এই চাঞ্চল্যকর আবিষ্কার ঘিরে বিতর্কের ছায়াও দেখা দিয়েছে। এর আগে হেরিটেজ করিডোর প্রকল্পের খননের সময় ভারী যন্ত্রপাতি ব্যবহারের ফলে গঙ্গা রাজবংশের দুটি বহুমূল্য সিংহমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছিল, যা নিয়ে সারা দেশে প্রতিবাদের ঝড় ওঠে। সেই সময় কোনও বৈজ্ঞানিক সমীক্ষা ছাড়াই খননকাজ চালানোয় প্রত্নতত্ত্ববিদরা তীব্র সমালোচনা করেন। বর্তমানে আইআইটি-র এই রিপোর্টটি নিয়ে মন্দির প্রশাসন ও সরকারি স্তরে কিছুটা গোপনীয়তা বজায় রাখার চেষ্টা করা হলেও, অ্যাডভোকেট দিলীপ বড়াল আরটিআই -এর মাধ্যমে এই চাঞ্চল্যকর তথ্যের প্রতিলিপি প্রকাশ্যে এনেছেন। ঐতিহাসিক এবং প্রত্নতত্ত্ববিদরা এখন একসুরে দাবি তুলছেন যে, পুরীর এই 'লুকানো ঐতিহ্য' বা চাপা পড়া শহরটি রক্ষায় অবিলম্বে অত্যন্ত সতর্কতার সঙ্গে বৈজ্ঞানিক খননকার্য ও সংরক্ষণ শুরু করা উচিত, যাতে ভারতের ইতিহাসের এই অমূল্য সম্পদ চিরতরে হারিয়ে না যায়। আইআইটি গান্ধীনগরের



বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত এই গবেষণায় শ্রী জগন্নাথ মন্দিরের নিচে এবং তার আশপাশের বিস্তীর্ণ এলাকায় প্রাচীন বসতি, স্থাপত্য এবং এমনকি একটি রহস্যময় সুড়ঙ্গের অস্তিত্বের জোরালো ইঙ্গিত পাওয়া গেছে।

এই ঐতিহাসিক রহস্যের সূত্রপাত হয়েছিল 'শ্রীমন্দির পরিক্রমা প্রকল্প'-এর প্রাথমিক খননকার্যের সময়। সেই সময় মাটির গভীরে গঙ্গা রাজবংশের আমলের প্রাচীন সিংহমূর্তি ও প্রায় ৩০ ফুট লম্বা একটি বিশাল দেওয়াল উদ্ধার হয়। এই আবিষ্কারের পর যখন চারদিকে হইচই পড়ে যায়, তখন শ্রী জগন্নাথ মন্দির প্রশাসন ও ওড়িশা ব্রিজ অ্যান্ড কনস্ট্রাকশন কর্পোরেশন প্রায় ৪০ লক্ষ টাকা ব্যয়ে একটি পূর্ণাঙ্গ রাডার সমীক্ষার সিদ্ধান্ত নেয়। এই সমীক্ষায় দেখা গেছে, প্রায় ২১.৬ বর্গমিটার এলাকা জুড়ে মাটির নিচে চাপা পড়ে আছে এক প্রাচীন স্থাপত্যের ধ্বংসাবশেষ। এমোর মঠ, নৃসিংহ মন্দির এবং বুড়ি মা মন্দিরের আশপাশে এমন ৪৩টি অত্যন্ত গুরুত্বপূর্ণ হেরিটেজ সাইট বা ঐতিহ্যবাহী স্থান চিহ্নিত করা হয়েছে, যা কয়েকশ বছর ধরে মাটির নিচে লোকচক্ষুর আড়ালে ছিল।

সবচেয়ে বড় চমক হলো একটি ভূগর্ভস্থ সুড়ঙ্গের হদিস। গবেষকদের দাবি, জগন্নাথ মন্দিরের প্রধান চত্বর থেকে সমুদ্র পর্যন্ত বিস্তৃত একটি গোপন পথ বা সুড়ঙ্গ থাকার সম্ভাবনা প্রবল। এছাড়া মাটির নিচে ৭.৬ মিটার বাই ৩ মিটার আয়তনের একটি বিশেষ কক্ষ বা চেম্বারের অস্তিত্বও ধরা পড়েছে। বিশেষজ্ঞদের ধারণা, এখানে একসময় অত্যন্ত মূল্যবান স্বর্ণমূর্তি বা দেববিগ্রহ রেখে গোপনে পূজা করা হতো। শুধু স্থাপত্য নয়, মাটির স্তরে স্তরে পাওয়া গেছে প্রাচীন মৃৎপাত্র, ধাতব বস্তু এবং মানুষের দৈনন্দিন ব্যবহার্য বিচিত্র জিনিসের অবশিষ্টাংশ, যা প্রমাণ করে যে কয়েকশ বছর আগে এখানে এক অত্যন্ত সমৃদ্ধ ও আধুনিক জনবসতি গড়ে উঠেছিল।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নির্ভীক
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে
চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে
কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# হামলা করলে উচিত জবাব', ইজরায়েলকে 'বুকে টেনে' ইরানকে হুঙ্কার উগান্ডার সেনাপ্রধানের

স্টাফ রিপোর্টার, রোজদিন

মধ্যপ্রাচ্যের যুদ্ধের আগুনের লেলিহান শিখা ক্রমশ বাড়ছে। পশ্চিম এশিয়া সহ বিশ্বের নানা প্রান্তে ছড়াতে শুরু করেছে ভয়াবহ যুদ্ধের আঁচ। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মুখে শান্তি আলোচনার কথা বললেও সত্যিই কি যুদ্ধ থেমে যাবে? বর্তমানে এই প্রশ্ন খুবই প্রাসঙ্গিক। পাশাপাশি তিনি হুঙ্কারের সুরে আরও বলেছেন, 'ইরান যদি কোনওভাবেই আমাদের উপর হামলা চালানোর পরিকল্পনা করে এবং তা বাস্তবায়িত করে তাহলে তার উচিত জবাব দেব। পাল্টা এমন জবাব দেব তা মনে রাখার মত। সেই সঙ্গে ইজরায়েলকে ধ্বংস,



এমনকি পরাজিত করার কথা ভাবলেও তার ফল একদমই ভালো হবে না। হামলার দুঃসাহস দেখালে বিপদ রয়েছে ইরানের কপালে।' ইতিমধ্যেই উগান্ডার সেনাপ্রধানের এহেন মন্তব্য নিয়ে চর্চা শুরু হয়েছে আন্তর্জাতিক মহলে। গোটা বিষয়টি নিয়ে এখনও পর্যন্ত ইরানের পক্ষ থেকে কোনওরকম প্রতিক্রিয়া পাওয়া যায়নি।এমন পরিস্থিতিতে ইজরায়েলের পাশে দাঁড়িয়ে ইরানকে রীতিমত হুঁশিয়ারি উগান্ডার সেনাপ্রধান জেনারেল মুহুজি কাইনেরুগাবার। হুঙ্কার ছুড়ে তিনি বলেছেন, 'আমরা সবসময় ইজরায়েলের পক্ষে আছি। যে কোনও সাহায্যের জন্য আমরা প্রস্তুত। ইরান হামলা করলে তার মোক্ষম জবাব দিতে আমরা তৈরি।'

সম্প্রতি একটি ভাষণে উগান্ডার সেনাপ্রধান জেনারেল মুহুজি কাইনেরুগাবা বলেছেন, "আমরা মন থেকে চাইছি মধ্যপ্রাচ্যে শান্তি ফিরে আসুক। কোনওরকম যুদ্ধের পক্ষে নয়। দিনের পর দিন যে হামলার ঘটনা ঘটাচ্ছে ইরান তা কোনওভাবেই কাম্য নয়। আমরা সবসময় ইজরায়েলের পক্ষে ছিলাম, আছি এবং থাকব। ওদের যেকোনও রকমের সাহায্যের জন্য তৈরি আমাদের উগান্ডার মানুষ ও সেনারা।"

(১ম পাতার পর)

# বাঘাযতীনের ঘটনায় আক্রমণ শানালেন বিকাশ

নিয়ে দাপাদাপি করতে দেখা গেছে জিৎ ও রাহুলকে, এমনই অভিযোগ বাসিন্দাদের। স্থানীয় কাউন্সিলরকে জানিয়ে লাভ হয়নি বলে দাবি স্থানীয় বাসিন্দাদের। পুলিশের প্রাথমিক অনুমান, টাকা পয়সার লেনদেন সংক্রান্ত কারণে খুন করা হতে পারে রাহুল দে-কে। তবে কি সিন্ডিকেট বিবাদে খুন তৃণমূল কর্মী? উঠছে সে প্রশ্নও।এটা নিয়ে বিতর্কের কোনও জায়গা নেই। যারা মনে করেন তৃণমূলকে ভোট দিচ্ছি ভালর জন্য, তাঁরা নিজেদের সর্বনাশ করছেন। প্রত্যক্ষভাবে এই পাটুলি থানার ওসি এই সমস্ত গুন্ডার সঙ্গে সহবত করেন। তাই, আজ এই পরিণতি। কেন এই গুন্ডারা জানে আমাদের কিছু হবে না থানার ওসি আমাদের সঙ্গে আছেন, থানার ওসি কমরেডদের বিরুদ্ধে লড়াই করছেন। আমাকে অনেকে বলেছেন, এই ওসি একটি ফেসবুক পোস্ট করেছিলেন। যে, কমরেড আপনারা শূন্য থাকবেন। উনি জানেন না যে ওঁর চাকরি জীবনে শূন্য টেনে দেওয়া যায়। আমরা দিইনি, ক্ষমা করেছি। কেননা, আমরা কমিউনিস্টরা ব্যক্তিগত কারো ক্ষতি হোক চাই না। দেখবেন, আমরা পড়েছি সেই মধ্যযুগ থেকে, লুঠের সম্পত্তি নিয়ে মারামারি হয়। শেষ পর্যন্ত এক একজনকে খুন করে। গোটা রাজ্যটাকে লুঠের কাজে ব্যবহার করেছেন মমতা।"

কী ঘটনা ?

ভোটের আগে বাঘাযতীনের পূর্ব ফুলবাগান এলাকায় শ্যুটআউট। গুলিতে এক তৃণমূলকর্মীর মৃত্যু হয়েছে। মৃত তৃণমূলকর্মীর নাম রাহুল দে। বাঘাযতীনের এক বহুতলের ছাদে অন্তত ৩ রাউন্ড গুলি চলার খবর পাওয়া যায়। এই ঘটনায় জড়িত সন্দেহে ইতিমধ্যেই চারজনকে গ্রেফতার করা হয়েছে। ঘটনাস্থলের আশেপাশের সমস্ত সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করা হচ্ছে। ওই বহুতলে জিৎ মুখোপাধ্যায় নামে এক পরিচিতর ফ্ল্যাটে গেছিলেন রাহুল। ফ্ল্যাটের ছাদে খাওয়াদাওয়া চলার সময় গুলি চলার খবর পাওয়া যায়। বহিরাগত কয়েকজন যুবক এসে রাহুলের খোঁজ করে, তারপর গুলি চালায় বলে অভিযোগ। জিৎ মুখোপাধ্যায় গতকাল ফোন করে নিজের ফ্ল্যাটে রাহুলকে ডেকেছিল বলে দাবি মৃতের পরিবারের। আহত হয়েছেন জিৎ মুখোপাধ্যায়ও। ঘটনাস্থলে পাটুলি থানার পুলিশ। আহত জিৎ মুখোপাধ্যায়কে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

# সিনেমার খবর

## অস্কারের শ্রদ্ধাঞ্জলিতে নেই ধর্মেন্দ্রর নাম, 'অত্যন্ত লজ্জাজনক' বললেন হেমা মালিনী

স্টাফ রিপোর্টার, রোজদিন



৯৮তম একাডেমি অ্যাওয়ার্ডসের (অস্কার) 'ইন মেমোরিয়াম' বিভাগে প্রয়াত কিংবদন্তি অভিনেতা ধর্মেন্দ্রর নাম না থাকায় বলিউড ও ভারতের সাংস্কৃতিক মহলে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে অনুষ্ঠিত এই জমকালো আয়োজনে রবার্ট রেডফোর্ড, রব রেইনার এবং ডায়ান কিটনদের মতো বিশ্ববরেণ্য তারকাদের শ্রদ্ধা জানানো হলেও, ছয় দশকেরও বেশি সময় ধরে রুপালি পর্দা কাঁপানো ধর্মেন্দ্রকে বাদ দেওয়ায় ক্ষোভ ঝরেছে সহকর্মী ও স্বজনদের কণ্ঠে।

অভিনেতার স্ত্রী ও প্রবীণ অভিনেত্রী হেমা মালিনী এই ঘটনাকে 'অত্যন্ত লজ্জাজনক' বলে অভিহিত করেছেন। তিনি আক্ষেপ করে জানান, অস্কার কর্তৃপক্ষ এমন একজন অভিনেতাকে উপেক্ষা করেছে যাকে বিশ্বের বহু প্রান্তের মানুষ চেনেন ও ভালোবাসেন। হেমা আরও যোগ করেন যে, ধর্মেন্দ্র জীবদ্দশাতেও খুব বেশি পুরস্কার পাননি, তবে তাতে তার কিছু যায় আসে না, কারণ ভারতের মানুষের ভালোবাসাই তাদের কাছে সব থেকে বড় প্রাপ্তি।

একই সুরে ক্ষোভ প্রকাশ করেছেন ধর্মেন্দ্রর দীর্ঘদিনের সহকর্মী ও প্রবীণ তারকা শত্রুঘ্ন সিনহা। তিনি সাফ জানিয়ে দিয়েছেন যে, দিলীপ কুমার বা লতা মঙ্গেশকরের মতো কিংবদন্তিদের পর এখন ধর্মেন্দ্রকে সম্মান না দেওয়াটা অস্কার কর্তৃপক্ষের জন্যই লজ্জার বিষয়। তার মতে, পশ্চিমের স্বীকৃতি না পেলেও এই শিল্পীরা এ দেশের মানুষের হৃদয়ে চিরকাল অমর হয়ে থাকবেন।

অন্যদিকে ধর্মেন্দ্রর মেয়ে এশা দেওল কিছুটা নমনীয় সুরে বলেন, স্বীকৃতি বা মর্যাদার চেয়ে মানুষের ভালোবাসা ও দয়ালু হিসেবে পরিচিতি পাওয়াটাই তার বাবার কাছে বেশি গুরুত্বপূর্ণ ছিল, তাই এই বিচ্যুতি তাকে খুব একটা বিচলিত করত না।

উল্লেখ্য, অস্কারের মঞ্চে ভারতীয় গুণীজনদের এভাবে অবহেলার ঘটনা এটিই প্রথম নয়। এর আগেও লতা মঙ্গেশকর ও দিলীপ কুমারের মতো বিশ্বনন্দিত শিল্পীদের নাম এই শ্রদ্ধাঞ্জলি বিভাগে না থাকায় ব্যাপক সমালোচনা হয়েছিল। সেই সময় অভিনেত্রী কঙ্গনা রানাউত এই ধরনের বৈষম্যমূলক আচরণের প্রতিবাদে ভারতীয় সংবাদমাধ্যমকে অস্কারের মতো অনুষ্ঠান বয়কট করার আহ্বান জানিয়েছিলেন।


এবারের ঘটনাটি সেই পুরোনো বিতর্ককে আবারও উসকে দিল, যেখানে আন্তর্জাতিক মঞ্চে ভারতীয় চলচ্চিত্রের প্রতিনিধিদের যথাযথ মূল্যায়ন নিয়ে প্রশ্ন উঠছে।

## পাল্টে গেল সালমানের সিনেমার নাম, মুখ খুললেন পরিচালক

স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড সুপারস্টার সালমান খানের বহুল প্রতীক্ষিত যুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'ব্যাটল অব গালওয়ান'-এর নাম পরিবর্তন করা হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী সিনেমাটির নাম রাখা হয়েছে 'মাতৃভূমি: মে ওয়ার রেস্ট ইন পিস'।

বিষয়টি নিয়ে মুখ খুলেছেন সিনেমাটির পরিচালক অপূর্ব লাখিয়া। তিনি জানান, এটি কোনো রাতারাতি নেওয়া সিদ্ধান্ত ছিল না। তার মতে, শুরু থেকেই 'ব্যাটল অব গালওয়ান' এবং 'মাতৃভূমি'—এই দুটি নাম নিবন্ধিত ছিল। সিনেমাটি নির্মাণের প্রক্রিয়ায় তারা উপলব্ধি করেছেন যে, এটি কেবল একটি যুদ্ধের গল্প নয়, বরং এর গভীরে রয়েছে মানবিকতা, সহমর্মিতা এবং সেনাদের মানসিক লড়াইয়ের প্রতিচ্ছবি। সিনেমার একটি জনপ্রিয় গানের নামও 'মাতৃভূমি' হওয়ায় এই শিরোনামটিই গল্পের আবেগের সঙ্গে বেশি সামঞ্জস্যপূর্ণ বলে মনে করেছেন নির্মাতারা।



সালমান খান নিজেই সামাজিক যোগাযোগমাধ্যমে সিনেমাটির নতুন পোস্টার শেয়ার করে এই পরিবর্তনের কথা জানান। পোস্টারে দেখা গেছে, রক্তমাখা কাঠের গুঁড়ির আড়াল থেকে সালমান তীক্ষ্ণ দৃষ্টিতে তাকিয়ে আছেন। ২০২০ সালে ভারত ও চীনের মধ্যে ঘটে যাওয়া গালওয়ান উপত্যকার রক্তক্ষয়ী সংঘর্ষের বাস্তব ঘটনা অবলম্বনে সিনেমাটি নির্মিত হচ্ছে। এতে সালমান খান ১৬ বিহার রেজিমেন্টের কমান্ডিং অফিসার কর্নেল সন্তোষ বাবুর চরিত্রে অভিনয় করছেন, যিনি ওই সংঘর্ষে ভারতীয় সেনাদের নেতৃত্ব দিয়েছিলেন। সালমানের বিপরীতে প্রধান নারী চরিত্রে দেখা যাবে চিত্রাঙ্গদা সিংকে। এ ছাড়া গুরুত্বপূর্ণ ভূমিকায় রয়েছেন অভিলাষ চৌধুরী ও অঙ্কুর ভাটিয়া।

সিনেমাটি নিয়ে ইতোমধ্যে প্রতিবেশী দেশ চীনে সমালোচনার ঝড় উঠেছে। চীনের সামাজিক যোগাযোগমাধ্যম ওয়েইবো-তে নেটিজেনরা দাবি করেছেন যে, টিজারে বাস্তব ঘটনাকে বিকৃত করা হয়েছে। এমনকি চীনা রাষ্ট্রীয় সংবাদমাধ্যমগুলোও একে উগ্র জাতীয়তাবাদের প্রচার হিসেবে আখ্যায়িত করেছে। তবে ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় এই বিতর্ক থেকে নিজেদের দূরে সরিয়ে রেখেছে।

মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে যে, চলচ্চিত্র নির্মাণের বিষয়গুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দেখাশোনা করে এবং এতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কোনো ভূমিকা নেই। সিনেমাটি আগামী ১৭ এপ্রিল মুক্তি পাওয়ার কথা থাকলেও বর্তমান পরিস্থিতিতে তা পিছিয়ে আগস্ট মাসে নিয়ে যাওয়া হয়েছে।

## ঐশ্বরিয়া কারিনাকেও ছাড়িয়ে গেলেন আলিয়া



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডের জনপ্রিয় অভিনেত্রী আলিয়া ভাট। তিনি অভিনয় দক্ষতা দিয়ে নিজেকে অনন্য উচ্চতায় নিয়ে গেছেন। তবে ক্যারিয়ারের শুরুতে তার পারফরম্যান্স নিয়ে কম কটাক্ষ সইতে হয়নি।

১৫ মার্চ ছিল এই অভিনেত্রীর ৩৩তম জন্মদিন। ৩৩ বছর বয়সে এসে এই নায়িকার সম্পত্তির পরিমাণ আকাশছোঁয়া, যা অনেক সিনিয়র অভিনেত্রীকেও টেক্কা দিচ্ছে।

ভারতীয় গণমাধ্যমের তথ্যমতে, আলিয়া ভাটের বর্তমান মোট সম্পত্তির পরিমাণ ৫৫০ কোটি টাকারও বেশি। আয়ের দিক থেকে তিনি ছাড়িয়ে গেছেন ঐশ্বরিয়া রাই বচ্চন, কারিনা কাপুর ও জুহি চাওলার মতো প্রথম সারির তারকাদেরও।

সফল এই অভিনেত্রী প্রতিটি সিনেমার জন্য বর্তমানে ১৫ থেকে ১৮ কোটি টাকা পারিশ্রমিক নেন। পাশাপাশি ব্র্যান্ড এনডোর্সমেন্ট বা বিজ্ঞাপনের শুটিংয়ের জন্য তার পারিশ্রমিক প্রায় ২ কোটি টাকা। আন্তর্জাতিক একাধিক ব্র্যান্ডের শুভেচ্ছাদূত হিসেবেও কাজ করছেন তিনি।

মুম্বাইয়ের পালি হিলসে রণবীর কাপুরের সঙ্গে যৌথভাবে আলিয়ার রয়েছে ৩৫ কোটি টাকার বাড়ি 'বাস্তু'। এছাড়া পুণেতে ১৩ কোটি টাকার একটি বিলাসবহুল অ্যাপার্টমেন্ট ও লন্ডনেও তার স্থাবর সম্পত্তি রয়েছে। দম্পতির সংগ্রহে আছে ল্যান্ড রোভার, অডি আর৮ এবং মার্সিডিজ বেঞ্জের মতো নামী ব্র্যান্ডের দামি সব গাড়ি।

# শিরোপার মিশন থামছে না, গিলের টার্গেট বিশ্বকাপ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আইসিসি টুর্নামেন্টে একের পর এক শিরোপা জিতেই চলেছে ভারত। দেশের ক্রিকেটের অর্জনের মুকুটে পরের বছর আরেকটি পালক যুক্ত করতে চান শুবমান গিল। ভারতের ওয়ানডে অধিনায়ক বললেন, এখন তাদের মূল লক্ষ্য ২০২৭ সালের বিশ্বকাপ জয়।

ওয়ানডে বিশ্বকাপের গত আসরে শিরোপার দুয়ারে পৌঁছে গিয়েছিল ভারত। ২০২৩ সালে ঘরের মাঠের ওই টুর্নামেন্টে দাপুটে ক্রিকেট খেলে অপরাজিত থেকে ফাইনালে জায়গা করে নেয় তারা। কিন্তু শিরোপা নির্ধারণী ম্যাচে আর পেরে ওঠেনি স্বাগতিকরা। ভারতের হৃদয় ভেঙে শিরোপা উল্লাস করে অস্ট্রেলিয়া। আগামী বছরের অক্টোবর-নভেম্বরে দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়ায় হবে ওয়ানডে বিশ্বকাপের চতুর্দশ আসর। তিন বছর আগের ক্ষতে প্রলেপ দিতে ওই টুর্নামেন্টকেই পাখির চোখ করছেন গিল।

২০২৩ সালের ওই হৃদয় ভাঙা হারের পর থেকে একের পর এক ট্রফি জিতেই যাচ্ছে ভারত। পরের বছর টি-টোয়েন্টি বিশ্বকাপের ট্রফি ঘরে তোলে তারা। গত বছর জেতে চ্যাম্পিয়ন্স ট্রফি। আর এবার ঘরের মাঠে ধরে রাখে টি-টোয়েন্টি বিশ্বকাপের শিরোপা।

এছাড়া গত বছর উইমেন'স অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ট্রফি ঘরে তোলে ভারত। বছরের শেষ দিকে প্রথমবারের মতো স্বাদ পায় উইমেন'স ওয়ানডে বিশ্বকাপ শিরোপার। আর গত মাসে তারা জিতেছে ছেলেদের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের শিরোপা। গত এক বছরে পাঁচটি আইসিসি শিরোপা জেতা দলকে রোববার সম্মাননা দেয় ভারতীয় ক্রিকেট বোর্ড। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফি জয়ী দলের সদস্য গিলও। সেখানেই পরের লক্ষ্য নিয়ে কথা বলেন তিনি।

গিল বলেন, গতবার আমরা শিরোপা জয়ের খুব কাছে ছিলাম। আবারও ট্রফি জয়ের সম্ভাবনা জাগানোর জন্য দক্ষিণ আফ্রিকার বিশ্বকাপ আমাদের জন্য দারুণ একটি সুযোগ। দেশের হয়ে যেকোনো সংস্করণে বিশ্বকাপ জয়ই চূড়ান্ত লক্ষ্য। তাই স্বাভাবিকভাবে মাঝেমধ্যেই এই বিষয়টি আমার মাথায় ঘোরে।"

যার নেতৃত্বে এবার টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছে ভারত, সেই সূর্যকুমার যাদভের মতে- ২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপ জয় দেশের ক্রিকেটারদের মধ্যে সাফল্যের এক জোয়ার এনে দিয়েছে। তিনি বলেন, সেই একটি পদক্ষেপ খুবই গুরুত্বপূর্ণ ছিল। আইসিসি ট্রফি জিততে ঠিক কেমন লাগে, সেই স্বাদ পাওয়াটা সবার জন্য জরুরি ছিল। এখন আর পেছনে তাকানোর সুযোগ নেই। যেহেতু এই দারুণ পথচলা শুরু হয়েছে, তাই চলুন, যত সম্ভব শিরোপা জেতার চেষ্টা করি।

## নানা তর্ক-বিতর্কের পর বাতিল ফিনালিসিমা




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বৈশ্বিক উত্তেজনার মুখে আর্জেন্টিনা ও স্পেনের মধ্যে ফিনালিসিমা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে ইউনিয়ন অব ইউরোপিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন (উয়েফা) ও দক্ষিণ আমেরিকার ফুটবল সংস্থা কনমেবল।

উভয় পক্ষের মতামতের পর আগামী ২৭ মার্চ কাতারের লুসাইল স্টেডিয়ামে ম্যাচটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে মধ্যপ্রাচ্যজুড়ে উত্তেজনা অব্যাহত থাকায় আয়োজকরা ম্যাচটি বাতিলের সিদ্ধান্ত নিয়েছেন।

রবিবার (১৫ মার্চ) উয়েফা এক বিবৃতিতে জানিয়েছে, উভয় দেশের ফুটবল কর্তৃপক্ষের সঙ্গে ভিন্ন স্থানে ম্যাচটি আয়োজনের জন্য আলোচনা করেছে, কিন্তু নতুন আয়োজক স্টেডিয়াম বা তারিখ নিয়ে উভয় পক্ষ একমত হতে পারেনি।কোন ঐক্যমতে পৌঁছাতে না পেরে, পরিচালনা কমিটি ইভেন্টটি সম্পূর্ণরূপে বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে।

ম্যাচ বাঁচানোর চেষ্টা হিসেবে উয়েফা বিভিন্ন বিকল্প প্রস্তাব সামনে আনে। প্রথম প্রস্তাব—২৭ মার্চ মাদ্রিদের সান্তিয়াগো বার্নাব্যুতে ম্যাচ আয়োজনের। সেখানে স্টেডিয়ামের সিট ভাগাভাগিরও প্রস্তাব দেওয়া হয়। কিন্তু আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ) এবং কনমেবল এই প্রস্তাব সরাসরি প্রত্যাখ্যান করে দেয়।

দ্বিতীয় প্রস্তাবটি—ফিনালিসিমাকে দুইটি ম্যাচে ভাগ করা। একটি বার্নাব্যুতে ২৭ মার্চ এবং আরেকটি বুয়েনস আইরেসে। অর্থাৎ দুই লেগে খেলার প্রস্তাব দেওয়া হয় দুই দলকে। তবে এই প্রস্তাবটিও আর্জেন্টিনার পক্ষ থেকে প্রত্যাখ্যান করা হয়।

পরবর্তীতে, ইউরোপীয় ফুটবল সংস্থা একটি নিরপেক্ষ ভেন্যুতে খেলার প্রস্তাব দেয় ২৭ বা ৩০ মার্চ, যা আর্জেন্টিনা প্রত্যাখ্যান করে। আর্জেন্টিনা বিশ্বকাপের পরে ম্যাচটি খেলার প্রস্তাব দেয়। কিন্তু স্পেন সেটাতে সায় দেয়নি। শেষ পর্যন্ত আর্জেন্টিনা ৩১ মার্চ খেলার জন্য রাজি হয়, যা সম্ভবপর হয়নি।

## ধোনিদের ফিল্ডিং কোচ হলেন জেমস ফস্টার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আইপিএলে চলতি আসরকে সামনে রেখে ইংল্যান্ডের সাবেক উইকেটরক্ষক জেমস ফস্টারকে চেন্নাই সুপার কিংসের ফিল্ডিং কোচ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। যেখানে তিনি প্রধান কোচ স্টিফেন ফ্লেমিংয়ের অধীনে কাজ করবেন।

২০০১ এবং ২০০৯ সাল পর্যন্ত ইংল্যান্ডের প্রতিনিধিত্ব করার পর ২০১৮ সালে অবসর নেন ফস্টার। এরপর তিনি কোচিং ক্যারিয়ার শুরু করেন। ফস্টার গত বছর প্রধান কোচ হিসেবে ডেজার্ট ভাইপার্সকে আইএলটি২০ শিরোপা জিততে ভূমিকা রেখেছেন। সম্প্রতি দ্য হান্ড্রেড-এর বার্মিংহাম ফিনিক্স তাকে সহকারী কোচ হিসেবে নিযুক্ত করেছেন। অন্যদিকে ফস্টার আন্তর্জাতিক পর্যায়ে ইংল্যান্ড এবং নিউজিল্যান্ড উভয় দলের সঙ্গেই কাজ করেছেন।

তিনি এর আগে কেকেআর-এর হয়ে ফিল্ডিং কোচ এবং সহকারী কোচ হিসেবে বেশ কয়েক মৌসুম কাজ করেছেন।পাঁচবারের আইপিএল চ্যাম্পিয়ন সিএসকে চলতি আসরে ৩০ মার্চ গুয়াহাটিতে রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে প্রথম ম্যাচে মাঠে নামবে। এরপর তারা ঘরের মাঠে পাঞ্জাব কিংস (৩ এপ্রিল) পরে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু (৫ এপ্রিল) এবং আবার ঘরের মাঠে দিল্লি ক্যাপিটালসের (১১ এপ্রিল) বিপক্ষে খেলবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR